# জেলা পরিষদ কার্যালয়
# সিরাজগঞ্জ

www.zpsirajganj.gov.bd

স্মারক নং জেপসি/২২৭ তারিখ ০১.০৭..২০২৫ খ্রি.

## আইডিয়া প্রস্তাবের আহ্বান

স্থানীয় সরকার বিভাগের উদ্যোগে ২০২৪ সালের জুলাই-আগস্টে সংঘটিত ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের এক বছর পূর্তি উপলক্ষে 'জুলাইয়ের চেতনায় উদ্বুদ্ধ হয়ে বৈষম্যহীন নতুন বাংলাদেশ বিনির্মান লক্ষ্য নিয়ে জাতি গঠনে তরুণদের সরাসরি অংশগ্রহণে একটি **'আইডিয়া প্রতিযোগিতা'** এর আয়োজন করা হয়েছে। এবারের **'প্রতিপাদ্য: আমার চোখে জুলাই বিপ্লব'**।

**প্রতিযোগিতায় অংশগ্রহণের যোগ্যতা:** ১) ১৫ থেকে ৩০ বছরের তরুণ-তরুণী ২) মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ৩) যুব ক্লাব, ডিবেট, স্কাউট, রোভার ও সাংস্কৃতিক সংগঠনের সদস্যগণ ৪) শুধুমাত্র দলীয়ভাবে প্রতিযোগিতায় অংশ নেয়া যাবে ৫) নারী সদস্য অগ্রাধিকার পাবে।

**আইডিয়া জমাদানের কাঠামো:** ১) ১-২ পৃষ্ঠার একটি ধারণাপত্র (বাংলা বা ইংরেজিতে) অবশ্যই উল্লেখ করতে হবে ২)আইডিয়ার শিরোনাম ৩) আইডিয়ার ভূমিকা ৪) আইডিয়ার বিবরণ (স্থান উল্লেখসহ), উদ্দেশ্য ও প্রত্যাশিত প্রভাব ৫) আইডিয়া বাস্তবায়নে দলের সদস্যদের সুনির্দিষ্ট ভূমিকা উল্লেখ করতে হবে ৬) সৃজনশীলতা ও উদ্ভাবনের ক্ষমতা ৭) প্রস্তাবের স্বতন্ত্রতা ৮) কাঙ্খিত ফলাফল ৯) গণঅভ্যুত্থানের সাথে সামঞ্জস্যতা ১০) দেশীয় সংস্কৃতির সাথে সামঞ্জস্যতা।

**জমাদানের পদ্ধতি:** ১) প্রস্তাব আহবান ও প্রস্তাব দাখিল: ০১-০৮ জুলাই, ২০২৫; ২) প্রস্তাব মূল্যায়ন: ০৯-১১ জুলাই ২০২৫; ৩) চূড়ান্তভাবে নির্বাচিত প্রকল্প: ১২ জুলাই ২০২৫; ৪) প্রস্তাব বাস্তবায়ন: ১৩-৩১ জুলাই ২০২৫ ৫) আইডিয়া প্রদর্শনী: ০৫ আগস্ট ২০২৫।

**জমাদানের স্থান:** জেলা পরিষদ, সিরাজগঞ্জ কার্যালয় (সকাল ৯.০০ ঘটিকা-বিকাল ৫.০০ ঘটিকা) (সরাসরি) অথবা **zpsirajganj@lgd.gov.bd** (অনলাইন)

**সম্ভাব্য আইডিয়ার উদাহরণ:** ১) দেয়ালচিত্র ২) পথনাটক বা মঞ্চনাটক ৩) প্রদর্শনী/প্রামাণ্যচিত্র ৪) জনসচেতনতামূলক কার্যক্রম/প্রাথমিক স্বাস্থ্য বা পুষ্টি বিষয়ক প্রচারণা/কার্যক্রম ৫) উদ্যোক্তা মেলা, স্থানীয় শিল্প প্রদর্শনী ৬) স্কিল কম্পিটিশন/প্রতিভা অন্বেষণ ৭) বর্জ্য-শূন্য অভিযান ৮) গ্রীণ স্কুল (Green School), ক্লিন স্কুল (Clean School) কার্যক্রম ৯) জুলাই গণঅভ্যুত্থান সম্পর্কিত অন্য যেকোনো ধারণা (আইডিয়া)।

**স্বাক্ষরিত/-**
**(মোছাঃ আফসানা ইয়াসমিন)**
**প্রধান নির্বাহী কর্মকর্তা (ভা.)**
**জেলা পরিষদ, সিরাজগঞ্জ**
zpsirajganj@lgd.gov.bd

স্মারক নং জেপসি/২২৭/(১৫) তারিখ ০১.০৭..২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয়টি বহুল প্রচারের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বিশেষভাবে অনুরোধসহ এতদসঙ্গে প্রেরণ করা হলো।

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। উপাচার্য, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
০২। উপাচার্য, খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয়,এনায়েতপুর, চৌহালী, সিরাজগঞ্জ।
০৩। অধ্যক্ষ, শহীদ এম.মনসুর আলী মেডিকেল কলেজ, সিরাজগঞ্জ।
০৪। অধ্যক্ষ, সিরাজগঞ্জ সরকারি কলেজ, সিরাজগঞ্জ।
০৫। অধ্যক্ষ, সরকারি রাশিদাজ্জোহা মহিলা কলেজ, সিরাজগঞ্জ।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, ..........................সিরাজগঞ্জ (সকল)।
০৭ জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ। (জেলার সকল মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠান/বেসরকারি স্কুল,কলেজ মাদ্রাসা ও অন্যান্য যুব সংগঠন এবং রোভার স্কাউটের মধ্যে বহুল প্রচারের অনুরোধসহ)
০৮ অধ্যক্ষ, ...........................................................
০৯। প্রধান শিক্ষক, বনোয়ারী লাল সরকারি উচ্চবিদ্যালয়, সিরাজগঞ্জ।
১০। প্রধান শিক্ষক, হৈমবালা বালিকা উচ্চবিদ্যালয়, সিরাজগঞ্জ।
১১। উপজেলা শিক্ষা অফিসার, ........................... সিরাজগঞ্জ (সকল)।
১২। প্রধান শিক্ষক,................................................................ সিরাজগঞ্জ।
১৩। জনাব সজীব সরকার (ছাত্র প্রতিনিধি)।
১৪। জনাব সাদিয়া আহমেদ সিনহা (ছাত্র প্রতিনিধি)।
১৫। অফিস কপি।

০১/০৭/২৫

**প্রধান নির্বাহী কর্মকর্তা (ভা.)**
**জেলা পরিষদ, সিরাজগঞ্জ**